চুয়াডাঙ্গায় গরুর শিংয়ের গুঁতোয় পিতা নিহত: পুত্র গুরুতর জখম

চুয়াডাঙ্গা পৌর এলাকার হাজরাহাটি গ্রামে গরুর শিংয়ের গুঁতোয় আব্দুল হামিদ (৫০) নামে একজনের মৃত্যু হয়েছে।

এসময় সাথে থাকা হামিদের ছেলে মদিন হোসেন (৩২) গুরুতর জখম হন। নিহত আব্দুল হামিদ সদর উপজেলার সরিষাডাঙ্গা গ্রামের মৃত তৈয়ব আলীর ছেলে। গতকাল মঙ্গলবার রাতে রাজশাহী মেডিকেলে নেয়ার পথে মারা যান তিনি।

স্থানীয়রা জানায়, মঙ্গলবার দুপুরে আব্দুল হামিদ চুয়াডাঙ্গা থেকে তার ছেলের মোটরসাইকেলে গ্রামে ফিরছিলেন। পথে হাজরাহাটি গ্রামে পৌঁছালে একটি ষাড় গরু তেড়ে এসে পিতা-পুত্রকে গুঁতিয়ে জখম করে।

গ্রামবাসী দুজনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়। সন্ধ্যায় আব্দুল হামিদের অবস্থার অবনতি হলে চিকিৎসকরা তাকে রাজশাহী মেডিকেলে রেফার করেন। সেখানে নেয়ার পথে রাত ১০টার দিকে তিনি মারা যান।

এ ব্যাপারে চুয়াডাঙ্গা সদর থানার ওসি (তদন্ত) লুৎফুল কবীর জানান, এ ব্যাপারে থানায় কোনো মামলা হয়নি।